

বাফুফের সম্মানীত সভাপতির মাসিক (এপ্রিল ২০২৩) বিবৃতি

বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর পক্ষ থেকে সকলকে জানাই পবিত্র মাহে রমজান, বাংলা নববর্ষ ও পবিত্র ঈদ উল ফিতরের শুভেচ্ছা। এই উৎসবগুলো সবার জীবনে সুখ, শান্তি এবং আনন্দ নিয়ে এসেছে। আশা করি বাংলা নতুন বছরে নতুন প্রেরণা নিয়ে দেশের ফুটবলের উন্নয়নে সামনে এগিয়ে যাব।

এএফসি অ-১৭ ওমেল এশিয়ান কাপ, কোয়ালিফায়ারস্ (রাউন্ড-১):

এশিয়ান ফুটবল কনফেডারেশন (এএফসি) এর তত্ত্বাবধানে ও সিঙ্গাপুর ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় গত ২৬ থেকে ৩০ এপ্রিল ২০২৩ তারিখ পর্যন্ত বাংলাদেশ, সিঙ্গাপুর ও তুর্কেমেনিস্তান অনূর্ধ্ব-১৭ জাতীয় ফুটবল দলের অংশগ্রহণে 'এএফসি অনূর্ধ্ব-১৭

ওমেল এশিয়ান কাপ ইন্দোনেশিয়া ২০২৪, কোয়ালিফায়ার্স' (রাউন্ড-১)- এর খেলা জালান বাসি স্টেডিয়াম, সিঙ্গাপুরে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ তার ১ম খেলায় তুর্কেমেনিস্তানকে ৬-০ ব্যবধানে হারায় এবং ২য় খেলায় সিঙ্গাপুরকে ৩-০ গোলে পরাজিত করে ২য় রাউন্ডে উন্নীত হয়।

বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২২-২৩:

গত ২১ ডিসেম্বর ২০২২ হতে ১৯ এপ্রিল ২০২৩ তারিখ পর্যন্ত 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২২-২৩' এর খেলা বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২২-২৩ এর পয়েন্ট টেবিলের শীর্ষ স্থান অর্জনকারী ব্রাদার্স ইউনিয়ন লিঃ চ্যাম্পিয়ন, পয়েন্ট টেবিলের দ্বিতীয় স্থান অর্জনকারী বাফুফে এলিট একাডেমি ফুটবল দল রানার্স-আপ এবং ৩য় স্থান অর্জনকারী দল হিসেবে গোপালগঞ্জ স্পোর্টিং ক্লাব। উক্ত লীগের চ্যাম্পিয়ন ও রানার্স-আপ দলের মধ্যে পুরস্কার বিতরণ করা হয় এবং ফেয়ার প্লে পুরস্কার হিসেবে বাফুফে এলিট একাডেমি ফুটবল দলকে পুরস্কৃত করা হয়।

PRESIDENT'S MONTHLY STATEMENT

(April 2023)



Honorable President
Kazi Md. Salahuddin



www.bff.com.bd



(২)

‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২২-২৩’ এর খেলার রেগুলেশন অনুযায়ী লীগের চ্যাম্পিয়ন ও রানার্স-আপ দল ক্লাব লাইসেন্স এর শর্ত পূরণ সাপেক্ষে ‘বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২৩-২৪’ এ উন্নীত হবে এবং লীগের সর্বনিম্ন পয়েন্টধারী দু’টি দল অবনমিত হবে। উল্লেখ্য যে, উক্ত লীগের রেগুলেশন অনুযায়ী বাফুফে এলিট একাডেমি ফুটবল দল ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২২-২৩’ এর খেলায় চ্যাম্পিয়ন বা রানার্স-আপ হওয়ার গৌরব অর্জন করলেও উন্নীত বা অবনমন হবে না বিধায় ক্লাব লাইসেন্স এর শর্ত পূরণ সাপেক্ষে চ্যাম্পিয়ন দল হিসেবে ব্রাদার্স ইউনিয়ন ও ঢয় স্থান অর্জনকারী দল হিসেবে ‘গোপালগঞ্জ স্পোর্টিং ক্লাব ‘বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২৩-২৪’ এ খেলার যোগ্যতা অর্জন করবে।

জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস উদযাপনঃ

আন্তর্জাতিক ক্রীড়া দিবস উপলক্ষে বর্ণাত্য র্যালি আয়োজন করা হয় এবং বাফুফে ভবন সংলগ্ন আর্টিফেশিয়াল টার্ফে বাফুফে এলিট একাডেমীতে প্রশিক্ষণরত বয়স ভিত্তিক খেলোয়াড়গন এর অংশগ্রহণে একটি প্রীতি ফুটবল ম্যাচ আয়োজন করা হয়। খেলা শেষে উভয় দলের খেলোয়াড়দের মধ্যে ট্রফি ও মেডেল প্রদান করা হয়।

বাফুফে এএফসি গোলকিপিং ‘বি’ ডিপ্লোমা সার্টিফিকেট প্রদানঃ

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের আয়োজনে মতিবিলস্থ বাফুফে ভবনে ইতিপূর্বে অনুষ্ঠিত বাফুফে এএফসি গোলকিপিং ‘বি’ ডিপ্লোমা সার্টিফিকেট কোর্সে উভীর্ণ প্রশিক্ষণার্থীদের মধ্যে বাফুফে এএফসি গোলকিপিং ‘বি’ ডিপ্লোমা সার্টিফিকেট প্রদান করা হয়।

বাফুফে এএফসি ইন্ট্রোডাকশন ট্রু গোলকিপিং কোর্স ২০২৩ঃ

এএফসি কোচিং কনভেনশনের আওতায় বাংলাদেশে এই প্রথমবারের মতো নতুন গোলকিপার প্রশিক্ষক তৈরীর লক্ষ্যে বাফুফে এএফসি ইন্ট্রোডাকশন ট্রু গোলকিপিং কোর্স ২০২৩ আয়োজন করা হয়েছে। দুই দিনব্যাপী এই কোর্সে অংশগ্রহণের লক্ষ্যে সারা দেশের বিভিন্ন ক্লাব ও একাডেমি থেকে প্রশিক্ষকগণ প্র্যাকটিকাল ও থিওরি সেশন এর মাধ্যমে সরাসরি কোর্স ইন্সট্রাক্টরদের সাথে কাজ করছেন। উক্ত কোর্সটির ইন্সট্রাক্টর হিসেবে ছিলেন বাফুফে টেকনিক্যাল ডিরেক্টর Mr. Paul Thomas Smalley, কোচ ইন্সট্রাক্টর জনাব ছাস্তুদ হাছান কানন, জনাব মাসুদ আহমেদ উজ্জ্বল, জনাব শাহ আলম টুটুল ও জনাবা মুসলিমা আক্তার মলি। উক্ত কোর্সে উভীর্ণদের মধ্যে সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বাফুফে ওমেস রেফারীজ ডেভেলপমেন্ট কোর্সঃ

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় ও ময়মনসিংহ জেলা ফুটবল এসোসিয়েশনের সহায়তায় রফিক উদ্দিন ভুঁইয়া স্টেডিয়ামে ‘বাফুফে ওমেস রেফারীজ ডেভেলপমেন্ট কোর্স’ শুরু হয় উক্ত কোর্সে সারাদেশ হতে আগত ২৭ জন মহিলা রেফারী অংশগ্রহণ করে। কোর্সের ইন্সট্রাক্টর হিসেবে দায়িত্ব পালন করছেন বাফুফে রেফারী কনসালটেন্ট কর্ণেল (অবঃ) গৌতম কর এবং ভারতীয় রেফারীজ ইন্সট্রাক্টর মিঃ বিক্রমজিৎ পুরকায়স্থ।